بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

০৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

বাণী

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (UNESCO), World Wide Writers Association, International Publishing House ও International Book Museum-এর যৌথ উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে 'Language Training, Literature and Cultural Festival 2026' অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ সাহিত্যবান্ধব মহতী আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

ভাষা, সাহিত্য ও সংস্কৃতি একটি জাতির চিন্তা-জ্ঞান ইতিহাস, ঐতিহ্য ও আত্মপরিচয়ের ধারক ও বাহক। সাহিত্য ও সংস্কৃতির নিয়মিত চর্চা মানুষের জ্ঞানকে সমৃদ্ধ করে, চিন্তার পরিধি প্রসারিত করে এবং মানবিক মূল্যবোধ বিকাশে সহায়তা করে। বিশেষ করে তরুণ প্রজন্মকে অসুস্থ প্রবণতা, সামাজিক অবক্ষয় ও বিপথগামিতা থেকে দূরে রেখে সৃজনশীল, মানবিক ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে বই, সাহিত্য ও সংস্কৃতির চর্চা কার্যকর ভূমিকা রাখতে পারে।

দেশ ও বিশ্বব্যাপী সাহিত্যচর্চা, পাঠাভ্যাস, ভাষা শিক্ষা ও জ্ঞানচর্চার প্রসারে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ইউনেস্কো, World Wide Writers Association, International Publishing House ও International Book Museum নিজ নিজ অধিক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে, তা নিঃসন্দেহে প্রশংসার দাবীদার। এছাড়া, World Wide Writers Association বিশ্ব সাহিত্যকে এগিয়ে নেওয়ার পাশাপাশি পাহাড়ি ভাষা, সংস্কৃতি ও সাহিত্য চর্চায় অনন্য অবদান রাখছেন। সাহিত্য, সংস্কৃতি ও ভাষার উন্নতি মানে দেশ ও জাতির উন্নতি। ভাষা, সাহিত্য ও সংস্কৃতির অব্যাহত চর্চার মাধ্যমে আমাদের সমাজ আরও জ্ঞানভিত্তিক, সৃজনশীল, মানবিক হয়ে উঠবে--এই প্রত্যাশা করি।

আমি আশা করি, Language Training, Literature and Cultural Festival 2026 মানুষের মধ্যে বইপড়ার আগ্রহ বৃদ্ধি, সাহিত্য ও সংস্কৃতিচর্চার প্রসার এবং জ্ঞানমনস্ক ও মননশীল জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। দেশি-বিদেশি লেখক, প্রকাশক, গ্রন্থাগারিক, পাঠক, শিক্ষক, গবেষক ও সাহিত্যপ্রেমীগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সাহিত্য ও সাংস্কৃতিক এই উৎসবটি প্রাণবন্ত হয়ে উঠবে।

আমি Language Training, Literature and Cultural Festival 2026-এর সার্বিক সাফল্য কামনা করছি।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর